



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

বাংলাদেশ চা বোর্ড

পরিকল্পনা শাখা

১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ,

চট্টগ্রাম

www.teaboard.gov.bd



স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.০০০.১০৮.৩৩.০০০২.২৪.৮০৭

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: “উত্তরা গ্রীণ টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড” নামীয় বটলিফ চা কারখানাটি বাংলাদেশ চা বোর্ডের নিবন্ধন গ্রহণ না করায়
কারখানার কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড়ের ০৮.০৯.২০২৫ খ্রিস্টাব্দ তারিখের বিটিবি/পঞ্চ/উত্তরা গ্রীণ টি ইন্ডাস্ট্রিজ লি:-১১৫/২০২৪-২৩৫
নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “উত্তরা গ্রীণ টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড” নামীয় বটলিফ
চা কারখানাটিকে গত ১৫.০১.২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.১০৮.৩৩.০০৮.১৯.৮৯ নং স্মারকে বাংলাদেশ চা বোর্ড
কর্তৃক চা কারখানা স্থাপনের অনুমোদন প্রদান করা হয়। কিন্তু কারখানাটি বাংলাদেশ চা বোর্ডের নিবন্ধন গ্রহণ না করেই
উৎপাদন প্রক্রিয়া শুরু করেছে। নিবন্ধন ব্যতীত কোন কারখানায় সবুজ চা পাতা প্রক্রিয়াজাত ও বিক্রয়ের ক্ষেত্রে চা
আইন-২০১৬ এর ২৫ নং ধারার উপ-ধারা ১ ও ২ এ নিম্নোক্ত বিধিগত বিবরণ দেওয়া হলো।

০২। এমতাবস্থায়, “উত্তরা গ্রীণ টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড” নামীয় বটলিফ চা কারখানাটি বাংলাদেশ চা বোর্ডের নিবন্ধন
না পাওয়া পর্যন্ত কারখানার সার্বিক কার্যক্রম নির্দেশক্রমে স্থগিত করা হলো। একইসাথে কারখানাটি আগামী ০৪.১১.২০২৫
খ্রিস্টাব্দ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩-১১-২০২৫

সুমন সিকন্দার

উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)

+৮৮০২৩৩৩৩৭৫

btbplanning@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

উত্তরা গ্রীণ টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেচরাপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.০০০.১০৮.৩৩.০০০২.২৪.৮০৭/১ (৭)

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠাতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।

২। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।

- ৩। ভারপ্রাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধানকামারা, পঞ্চগড়। (বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়।
- ৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। (বিষয়টি বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৬। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।



০৩-১১-২০২৫

সুমন সিকদার

উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাণ)